গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ই-স্টাইপেন্ড সফটওয়্যার আপগ্রেডেশন বিষয়ক সভার কার্যবিবরণী।**

সভাপতি : কাজী দেলোয়ার হোসেন, পরিচালক (যুগ্মসচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
তারিখ : ১৮ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ
স্থান : প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সভা কক্ষ (কক্ষ নং-২১৫), ধানমন্ডি, ঢাকা।
সময় : বিকাল ০৩.০০ টা।

**উপস্থিতি পরিশিষ্ট "ক"**

সভায় অংশগ্রহণকারী বিভিন্ন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের আইটি প্রতিনিধিবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করার আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে ট্রাস্টের সহকারী পরিচালক (উপবৃত্তি) উল্লেখ করেন যে, ট্রাস্টের মাধ্যমে ২০১৩ সাল থেকে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের দরিদ্র পরিবারের নির্বাচিত মেধাবি শিক্ষার্থীদেরকে উপবৃত্তি ও টিউশন ফি প্রদান করা হচ্ছে। ট্রাস্ট আইন, ২০১২ এর ৯(ক) ধারার সংস্থান অনুযায়ী স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের পাশাপাশি স্নাতক (সম্মান) অর্থাৎ বিভিন্ন কলেজ/বিশ্ববিদ্যালয়/কারিগরি/মাদ্রাসা/মেডিক্যাল/প্রকৌশল শিক্ষা প্রতিষ্ঠানের স্নাতক (সম্মান) পর্যায়ের শিক্ষার্থীরাও উপবৃত্তি এবং টিউশন ফি'র সুবিধা পাবে। এ উদ্দেশ্যে স্নাতক পর্যায়ের উপবৃত্তি কার্যক্রমে দেশের সকল ধরনের পাবলিক বিশ্ববিদ্যালয়/কলেজে অধ্যয়নরত স্নাতক (সম্মান) ও সমমান শ্রেণিকে অন্তর্ভুক্ত করে স্নাতক ও সমমান পর্যায়ের উপবৃত্তি প্রদান নির্দেশিকা, ২০২২ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে ।

২.১। সভায় স্নাতক পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তির জন্য বর্তমানে প্রচলিত বিদ্যমান ই-স্টাইপেন্ড সফটওয়্যর এর মাধ্যমে ২০২২-২৩ অর্থবছর থেকে স্নাতক (পাস) এর পাশাপাশি দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়/কলেজে অধ্যয়নরত স্নাতক (সম্মান) ও সমমান শ্রেণির শিক্ষার্থীদের অন-লাইন আবেদন এন্ট্রি হতে উপবৃত্তি ও টিউশন ফি'র অর্থ বিতরন স্নাতক ও সমমান পর্যায়ের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীর মাঝে উপবৃত্তি ও নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে টিউশন ফি বিতরণের সফটওয়্যার বিষয়ে সভায় সার্বিক আলোচনা হয়।

২.২। বর্তমানে ই-স্টাইপেন্ড সফটওয়্যার ব্যবহার করে ঢাকা বিশ্ববিদ্যালয় (সাত কলেজ), জাতীয় বিশ্ববিদ্যালয় ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীরা উপবৃত্তির আবেদন করতে পারছে; কিন্তু স্নাতক ও সমমান পর্যায়ের উপবৃত্তি প্রদান নির্দেশিকা, ২০২২ অনুসরণ করলে শিক্ষার্থী এবং বিশ্ববিদ্যালয়ের সংখ্যা কয়েকগুণে বৃদ্ধি পাবে। সভায় জানানো হয় যে, স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদেরকে উপবৃত্তির আওতাভুক্ত করার জন্য বিদ্যমান ই-স্টাইপেন্ড সফটওয়্যার উল্লেখ্যযোগ্য মাত্রায় কিছু নতুন বিষয় যুক্ত করতে হবে। সেক্ষেত্রে বিদ্যমান সফটওয়্যার এর মাধ্যমে তা কতোটুকু সম্ভব বা সম্পুর্ণ নতুন একটি Software তৈরি করতে হবে কিনা তা নিরুপনের জন্য Business Analysis করা একান্ত প্রয়োজন মর্মে সভায় সর্বসম্মত অভিমত ব্যক্ত করা হয়।

২.৩। বর্তমানে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট হতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য HSP MIS সফটওয়্যার এবং স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তির জন্য PMEAT'র e-stipend সফটওয়্যারসহ ভর্তি সহায়তা, দুর্ঘটনায় গুরতর আহত শিক্ষার্থীদের চিকিৎসা সহায়তা, ব্যবস্থাপনা পরিচালক'র জরুরী তহবিলের আওতায় সহায়তা ইত্যাদি প্রতিটির জন্য পৃথক সফটওয়্যার ব্যবহার না করে সকল প্রকার সহায়তা কার্যক্রম একটি MIS সফটওয়্যার একীভূত করে ব্যবহার করা প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করা হয়। HSP MIS সফটওয়্যার (৬ষ্ঠ-১২শ) কে ভিত্তি ধরে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের অন্যান্য সেবার সফটওয়্যারসমূহ একই সিস্টেমের মাধ্যমে পরিচালনা করা যায় কিনা এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে এবিষয়ে অর্থ বিভাগের ibas++ এর সাথে একটি পৃথক সভা আয়োজনের অভিমত ব্যক্ত করা হয়। সভায় মাইক্রোসার্ভিস ব্যবহারের মাধ্যমে PMEAT-তে বিদ্যমান ভিন্ন ভিন্ন সিস্টেম থেকে Data integration করে রিপোর্টিংয়ের কাজ করা সম্ভব বলে জানানো হয়।

**৩.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্মোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:**

ক. PMEAT'র আইটি ও উপবৃত্তি সংশ্লিষ্ট জনবলের সহযোগিতায় Synesis IT ltd কর্তৃক PMEAT'র e-stipend সফটওয়্যার (স্নাতক পাস ও সমমান পর্যায়ের) সিস্টেমের Business analysis পরিচালনা করে আগামী ২৫/৭/২২ তারিখের মধ্যে এ সংক্রান্ত প্রতিবেদন প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের নিকট দাখিল করতে হবে;

খ. HSP MIS সফটওয়্যার Business analysis পরিচালনা এবং HSP MIS কে ভিত্তি ধরে PMEAT'র জন্য একটি সমন্বিত MIS সফটওয়্যার iBAS++ এর মাধ্যমে ডেভেলপমেন্টের বিষয়ে iBAS++ এর সাথে অতি দ্রুত সভার আয়োজন করতে হবে।

৪.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

নং-৩৭.২৪.০০০০.০৩.০২৮.০০১.২২-**১০৪**

তারিখ: ০৫ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
২০ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

**(কাজী দেলোয়ার হোসেন)**
পরিচালক (যুগ্মসচিব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
ফোন: ০২-৫৫০০০৪২৬
ই-মেইল: director@pmeat.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। পরিচালক (আইসিটি), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
২। পরিচালক (আইএমসিটি), বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
৩। উপপরিচালক (উপসচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, সিনেসিস আইটি লিমিটেড, কারওয়ান বাজার, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬। সহকারী পরিচালক (উপবৃত্তি), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৭। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৮। প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, মিন্টু রোড, ঢাকা।
১০। এনালিষ্ট (নেটওয়ার্ক সিকিউরিটি) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বিসিসি ভবন, ঢাকা।
১১। সিনিয়র আইটি কনসালটেন্ট, স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্স ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবেল সার্ভিস ডেলিভারি (SPFMS), ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক-এঁর ব্যক্তিগত সহকারী প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক-এঁর সদয় অবগতির জন্য)।
১৩। অফিস কপি।